**উপজেলা পরিষদ**
**উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।**
www.atpara.netrokona.gov.bd

## আগস্ট/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এম. সাজ্জাদুল হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
তারিখ ও সময় : ২৯ আগস্ট ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা।

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক ও মুখ্য নির্বাহী কর্মকর্তা মহোদয় উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১. <u>প্রাণিসম্পদ বিভাগ:</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>০২. <u>স্বাস্থ্য বিভাগ:</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৩. <u>কৃষি বিভাগ:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বোরো আবাদের লক্ষমাত্র হাইব্রীড ৯৭০ হে. এবং উফসী ৭২৫০ হে. । এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>০৪. <u>স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:</u> উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায়, উপজেলা পরিষদের পূর্বদিকের বাউন্ডারি ওয়াল অপ্রত্যাশিত ভাবে ক্ষতিগ্রস্থ হওয়ায় উক্ত বাউন্ডারি ওয়াল সংস্কারের বিষয়ে আলোচনা করেন। পরিষদের রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল হতে নিম্ন বর্ণিত প্রকল্প সম্পাদনের প্রস্তাব করেন।
<table>
<tr><th>প্রকল্প নাম</th><th>তহবিল</th><th>বরাদ্দ</th></tr>
<tr><td>(১) উপজেলা পরিষদ সীমানা প্রাচীর সাংস্কার প্রকল্প</td><td>রাজস্ব (অপ্রত্যাশিত খাত)</td><td>২,০০,০০০</td></tr>
<tr><td>(২) উপজেলা পরিষদের কোয়ার্টার/আবাসিক ভবন/ক্ষুদ্র মেরামত প্রকল্প</td><td rowspan="2">রাজস্ব</td><td>২,০০,০০০</td></tr>
<tr><td>(৩) উপজেলা পরিষদের অভ্যন্তরে সৌরবিদ্যৎ প্যানেল স্থাপন প্রকল্প</td><td>৫,০০,০০০/-</td></tr>
<tr><td>(৪) লুনেশ্বর ইউনিয়নে খিলা হাফেজিয়া মাদ্রাসা সংলগ্ন গাইড ওয়াল নির্মাণ প্রকল্প</td><td>উন্নয়ন</td><td>২,০০,০০০</td></tr>
<tr><td>(৫) সুখারী ইউপি অফিস থেকে বাউসা বাজার সড়কে সুখারী কমিউনিটি ক্লিনিকের পাশে বক্স কালভার্ট নির্মাণ প্রকল্প।</td><td>শহর উন্নয়ন</td><td></td></tr>
<tr><td>(৬) আটপাড়া উপজেলা পরিষদ সংলগ্ন মার্কেট নির্মাণ প্রকল্প।</td><td rowspan="5">স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়</td><td></td></tr>
<tr><td>(৭) উপজেলা পরিষদের বিভিন্ন কোয়ার্টার মেরামত।</td><td></td></tr>
<tr><td>(৮) উপজেলার বিভিন্ন স্থানে জলাবদ্ধা দূরীকরণের জন্য ড্রেইন নির্মাণ।</td><td></td></tr>
<tr><td>(৯) আটপাড়া উপজেলা পরিষদ সংলগ্ন পুকুর সংস্কার।</td><td></td></tr>
<tr><td>(১০) আটপাড়া উপজেলা পরিষধের অভ্যন্তরীন সড়ক মেরামত।</td><td></td></tr>
</table></td><td>০১. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল হতে গৃহিত প্রকল্প সমূহ অনুমোদন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>০২. পরিষদের রাজস্ব তহবিল হতে বর্ণিত ব্যয় সমূহ পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩. হাট-বাজার খাত হতে উপজেলার বাজারসমূহে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪. উপজেলা নির্বাহী অফিসরের বাসভবন মেরামত, প্রশাসকের বাসভবন মেরামত, ডরমেটরি ভবন মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তা নির্মাণ, ইউড্রেইন নির্মাণ, শিশু পার্ক সংস্কার, পুকুর সংলগ্ন রাস্তা ও ঘাটলা নির্মাণ, উপজেলা পরিষদের খেলার মাঠ সংস্কার উপজেলা পরিষদ ভবনের রং করণ এবং মার্কেট স্থাপনে প্রয়োজনীয় আর্থিক সহায়তার জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বারার পত্র প্রেরণে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>০১. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| (১১) আটপাড়া উপজেলা পরিষদ সংলগ্ন বিভিন্ন সড়কে সোলার স্ট্রিট লাইট স্থাপন/প্রতিস্থাপন। | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | |
| (১২) আটপাড়া উপজেলাধীন বিভিন্ন সরকারী | | |
| (১৩) আটপাড়া উপজেলাধীন বিভিন্ন সরকারী দপ্তর মেরামত। | | |

তিনি পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত ব্যয় পরিশোধের বিষয়ে আলোচনা করেন।

| ব্যয় বিবরণি | টাকার পরিমাণ |
|---|---|
| অফিস সরঞ্জাম ক্রয় | ২৫,০০০/- |
| আসবাবপত্র সংগ্রহ/মেরামত | ২৫,০০০/- |
| অফিম মরঞ্জাম রক্ষণাবেক্ষণ/মেরামত | ২৫,০০০/- |
| পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরমাত | ২৫,০০০/- |
| মশা নিধন | ১০,০০০/- |
| বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা | ২৫,০০০/- |

**তিনি উপজেলা হাট-বাজার তহবিল হতে উপজেলার বাজারসমূহে প্রকল্প গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।**

**তিনি আরো বলেন যে, উপজেলা নির্বাহী অফিসরের বাসভবন মেরামত, প্রশাসকের বাসভবন মেরামত, ডরমেটরি ভবন মেরামত, উপজেলা পরিষদের অভ্যন্তরিন রাস্তা নির্মাণ, ইউড্রেইন নির্মাণ, শিশু পার্ক সংস্কার, পুকুর সংলগ্ন রাস্তা ও ঘাটলা নির্মাণ, উপজেলা পরিষদের খেলার মাঠ সংস্কার উপজেলা পরিষদ ভবনের রং করণ প্রয়োজন।** তিনি আরো জানান যে, আটপাড়া একটি ছোট উপজেলা এবং এখানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয় খুব সীমিত। এমতাবস্থায় উপজেলা পরিষদে মেইন গেইট সংলগ্ন একটি মার্কেট স্থাপন করা হলে উপজেলা পরিষদের রাজস্ব আয় বড়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

| | | |
|---|---|---|
| **০৫. পরিবার পরিকল্পনা বিভাগ:** পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| **০৬. মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| **০৭. শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, উপজেলা শিক্ষা অফিসারের অফিস রুমের ছাদের বড় অংশ ভেঙ্গে পড়েছে। রুমটি মেরামতের জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **০৮. ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| **০৯. সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| **১০. সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| **১১. যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায়,প্রশিক্ষণ, ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| **১২. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ মাসে মোট ৭০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |

| | | |
|---|---|---|
| এবং ২.৭ লক্ষ টাকা আদায় হয়েছে। আদায়ের হার ৭০%। তিনি আরো জানান যে, তার বিভাগে ৪০ টি সার্টিফিকেট মামলা রয়েছে। এ অর্থবছরের ১টি নিষ্পত্তি হয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মর্তা সভায় জানান যে, VWB এবং মা ও শিশু সহায়তা ভাতার বর্তমানে কোন নতনু আবেদন নাই। কিশুর কিশোরী ক্লাব নিয়মিত চলমান আছে। উঠান বৈঠক সহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, তার সভায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায়, সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| ১৭. **বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | এজিএম আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮. **খাদ্য বিভাগ:** কর্মকর্তা জানান যে, চলতি মাসে বোরো সংগ্রহ ধান এবং চাল শতভাগ হয়েছে। ধান সংগ্রহ ৮১.০০০। ভিজিডি খাতে কোন বরাদ্ধ পায়নি। তিনি আরো জানান যে, আগস্ট/২৪ মাসে খাদ্যবান্ধব কর্মসূী চালু হবে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৯. **তথ্যআপা প্রকল্প:** তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যকেন্দ্র ও ডোর টু ডোরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। জুন/২০২৪ মাসের অবশিষ্ট ০৫ টি উঠান বৈঠক করা হবে। নতুন অর্থবছরের বৈঠকের এখনও দিক নির্দেশনা পাওয়া যায়নি। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম. সাজ্জাদুল হাসান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪-৫৩৮

তারিখ: ১৪ ভাদ্র ১৪৩১ / ২৯ আগস্ট ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৪. উপজেলা ........................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান ........................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৬. জনাব ........................................

(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা